তথ্য ও গণসংযোগ বিভাগ
Information and Public Relations Division

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

প্রেস রিলিজ

২৫ জুলাই ২০২৫

বাউবির এমএ/এমএসএস এবং এক্সিকিউটিভ এমবিএ/এমপিএ প্রোগ্রামের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত :

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল পরিচালিত এক বছর মেয়াদি এমএ ও এমএসএস প্রোগ্রামের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম পর্বের ভর্তি পরীক্ষা আজ ২৫ জুলাই ২০২৫, শুক্রবার সকাল ১১:০০টা থেকে ১২:০০টা পর্যন্ত শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। এই ভর্তি পরীক্ষা বিশ্ববিদ্যালয়ের গাজীপুর মূল ক্যাম্পাসের কেন্দ্রীয় সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্র, আইসিটি ইউনিট, গেস্ট হাউস, স্কুল অব এডুকেশন, শিক্ষক সেমিনার হল, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুল এবং ঢাকা আঞ্চলিক কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হয়। সারাদেশ থেকে মোট ২৩২০ জন শিক্ষার্থী এমএ এবং এমএসএস প্রোগ্রামের এ পরীক্ষায় অংশগ্রহণ করেন।

এ দিকে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজনেস পরিচালিত এক্সিকিউটিভ এমবিএ ও এমপিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষাও আজ একই সময়ে ঢাকা আঞ্চলিক কেন্দ্র এবং চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রে একসঙ্গে অনুষ্ঠিত হয়। এতে ঢাকা আঞ্চলিক ১৭০ জন এবং চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রে ৬০ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেন।

এসব প্রোগ্রামের ভর্তি পরীক্ষা পরিদর্শন করেন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। ঢাকা আঞ্চলিক কেন্দ্রে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার কেন্দ্রসমূহ পরিদর্শনকালে উপাচার্য বলেন, “শিক্ষার মানোন্নয়নে বাউবি নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে। উচ্চশিক্ষাকে সবার দোরগোড়ায় পৌঁছে দিতে এ ধরণের প্রোগ্রামসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। আজকের ভর্তি পরীক্ষায় শিক্ষার্থীদের অংশগ্রহণ ও আগ্রহ সত্যিই উৎসাহব্যঞ্জক।”

এ সময় উপাচার্যের সঙ্গে ছিলেন, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম, স্কুল অব বিজনেস এর ডীন অধ্যাপক ড. মোঃ মঈনুল ইসলাম ও আঞ্চলিক পরিচালক টিএম আহমেদ হুসাইন ।

এছাড়াও বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌসি পিএইচডি এবং সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের ডীন অধ্যাপক তানভীর আহসান।

এ ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের তালিকা যথাসময়ে বাংলাদেশে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে www.bou.ac.bd প্রকাশ করা হবে।

মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক
যুগ্ম-পরিচালক
মোবাইল নং ০১৭১৪৫০৫৭৪৭